দৈনিক বাংলা

তারিখ 31 MAR 1995
পৃষ্ঠা ১ কলাম ২

# এইচএসসির মেধাতালিকায় পরিবর্তন ঃ ৮ জন বাদ পড়েছে

**রফিকুল ইসলাম রতন ঃ** ঢাকা শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার স্থগিত ফলাফল ঘোষণার ফলে মেধাতালিকা থেকে ৮ জনের নাম বাতিল হয়েছে। ৮ জনের নাম নতুন করে মেধাতালিকায় স্থান পেয়েছে। গত ২০ ডিসেম্বর ঢাকা বোর্ডের ফল প্রকাশের সময় উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রীর ফলাফল বাদ পড়েছিল। গতকাল (বৃহস্পতিবার) ঢাকা শিক্ষাবোর্ড থেকে বাদপড়া ফলাফল প্রকাশিত হলে মেধাতালিকায় এই পরিবর্তন ঘটে।

স্থগিত ফলাফল ঘোষণার ফলে সম্মিলিত মেধা তালিকার বিজ্ঞান বিভাগ থেকে ২ জন ছাত্রী ও ৩ জন ছাত্রের নাম বাদ পড়েছে। এরা হচ্ছেন, ভিকারুননিছা নুন কলেজের নাদিয়া মজিদ ও হোসায়রা বিনতে রেজা, ঢাকা কলেজের মোহাম্মদ আজিজুর রহমান, নটরডেম কলেজের মঈনউদ্দীন আহমদ ও মির্জাপুর ক্যাডেট কলেজের মোহাম্মদ রেজোয়ান–উল ইসলাম।

অপরদিকে বাদপড়া ফলাফল থেকে ভিকারুননিছা নুন কলেজের ছাত্রী সোনিয়া ফারজানা এবং ঢাকা কলেজের ছাত্র শামীম কবীর চৌধুরী সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে দ্বিতীয়

(৮–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

( প্রথম পৃষ্ঠার পর )

## এইচএসসির মেধাতালিকায় পরিবর্তন ঃ ৮ জন বাদ পড়েছে

স্থান অধিকার করেছেন। এরা নতুন করে মেধা তালিকার দ্বিতীয় স্থানে চলে আসায় আগে প্রকাশিত তালিকার ২০তম স্থানে সকলেরই ক্রমিক নম্বর পিছিয়ে গেছে। অর্থাৎ যিনি তৃতীয় ছিলেন তিনি চতুর্থ, চতুর্থজন পঞ্চম–এভাবে ১৯তম স্থানে যিনি ছিলেন তার স্থান হয়েছে ২০তম। সুতরাং আগের তালিকার ২০তম স্থানের ৫ জনের নাম বাদ পড়েছে।

'মেধা তালিকার মানবিক শাখা হতেও ২০তম স্থানের তিনজনের নাম বাদ পড়েছে। এরা হচ্ছেন হলিক্রস কলেজের নাজরাতুন নাঈম মোনালিসা, ঢাকা কলেজের এ কে এম সাইফুল ইসলাম এবং মাদারীপুরের সৈয়দ আবুল হোসেন কলেজের সাহাদাত হোসেন।

অপরদিকে এই মানবিক শাখায় ঢাকা রেসিডেনশিয়াল মডেল কলেজের পলাশ বসাক নতুন করে দ্বিতীয় স্থান অধিকার করায় আগের দ্বিতীয় স্থান অধিকারী তৃতীয় স্থানে নেমে গেছেন। তাছাড়া ঢাকা কলেজের নওফল আরশাদ জামির নতুন করে যুগ্মভাবে ৭ম স্থান, ভিকারুননিছা নুন কলেজের সালোয়া রহমান সামান্তা ও মোশাফেকা রহমান তিনজনসহ ১১তম স্থান এবং একই কলেজের সামিনা লুৎফা ১৯তম স্থান অধিকার করেছে। ফলে আগের ১৯তম স্থান অধিকারীর এখন স্থান হয়েছে ২০তম স্থানে। আর এজন্যই আগের ২০তম স্থানের তিনজন মেধাতালিকা থেকে বাদ পড়েছেন। বাণিজ্য বিভাগ থেকে কেউ বাদ পড়েনি। তবে ঢাকা কমার্স কলেজের ছাত্র মোহাম্মদ সমীরউদ্দীন যুগ্মভাবে ১৬তম স্থান অধিকার করেছেন।

উল্লেখ্য, সম্মিলিত মেধা তালিকার ২০তম স্থান পর্যন্ত ৩২ জন ছাত্রছাত্রীর নাম রয়েছে। এরমধ্যে দ্বিতীয় স্থান ২ জন, ৬ষ্ঠ স্থান ২ জন, ১২তম স্থান ২ জন, ১৬তম স্থান ২ জন, ১৭তম স্থান ৩ জন এবং ১৯তম স্থানে ৩ জনের নাম রয়েছে। বাকী স্থানগুলোতে রয়েছে একজনের করে নাম। মানবিক শাখায় ২০তম স্থান পর্যন্ত নাম রয়েছে ২৬ জনের নাম। এরমধ্যে ৭ম স্থানে ২ জন, ৯ম স্থানে ২ জন, ১১তম স্থানে ২ জন এবং ১৭তম স্থানে ২ জনের নাম রয়েছে। বাণিজ্য শাখায় ২০তম স্থান পর্যন্ত ২৪ জনের নাম রয়েছে। এরমধ্যে ১৬তম স্থানে ২ জন ও ১৮তম স্থানে ২ জনের নাম রয়েছে।

ফলাফল প্রকাশের ৪ মাস ১০ দিন পর বাদপড়া ফলাফল প্রকাশ করায় মেধাতালিকার যে পরিবর্তন ঘটলো তাতে মেধা তালিকা থেকে বাদপড়া ছাত্রছাত্রীদের মনে দারুন প্রতিক্রিয়া সৃষ্টি করবে। জন্ম দিতে পারে নানা প্রশ্নের।

SHEET — OF — SHEETS